



মিয়ানমারের রাখাইনে বিমান হামলায় নিহত ৩৩



ছবি: সংগৃহীত

মিয়ানমারের রাখাইন রাজ্যের কিয়াউকটাও শহরে বাজারের কাছে সামরিক বাহিনীর বিমান হামলায় অন্তত ৩৩ বেসামরিক নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও ৩৬ জন। আরাকান আর্মি (এএ) ও স্থানীয় দ্রাণকর্মীদের বরাতে এ তথ্য জানা গেছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) উত্তর রাখাইনের নদীতীরবর্তী শহরটির একটি বাজারসংলগ্ন এলাকায় হামলাটি চালানো হয়। স্থানীয় একটি দ্রাণ দলের দায়িত্বশীল ব্যক্তি ওয়াই হুন আং হতাহতের সংখ্যা নিশ্চিত করেছেন।

ওয়াই হুন আংয়ের দাবি, হামলার স্থানটি মূল সংঘাতপূর্ণ এলাকা থেকে বেশ দূরে ছিল। ওই এলাকার সঙ্গে চলমান সশস্ত্র সংঘাতের সরাসরি কোনো সম্পৃক্ততাও ছিল না বলে জানান তিনি।

২০২১ সালের সামরিক অভ্যুত্থানের পর থেকেই মিয়ানমারে গৃহযুদ্ধ চলছে। দেশটির বিভিন্ন এলাকায় সামরিক বাহিনীর বিরুদ্ধে আরাকান আর্মিসহ কয়েকটি সশস্ত্র গোষ্ঠী লড়াই করছে। সোমবারের হামলা নিয়ে মিয়ানমার সরকারের পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি। তবে দেশটির সামরিক বাহিনী এর আগে দাবি করেছে, বেসামরিক মানুষের ক্ষয়ক্ষতি কমাতে তারা সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করে।

স্থানীয় পর্যবেক্ষকদের বরাতে জানা গেছে, গত ডিসেম্বরে রাখাইনের একটি হাসপাতালে চালানো প্রাণঘাতী বিমান হামলার পর বেসামরিক হতাহতের হিসাবে সর্বশেষ ঘটনাটি রাজ্যের অন্যতম বড় হামলা।